

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩  
“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.prdp-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯০৬.০১.০৫২.১৮-৮২৬

তারিখ: ০৯-০৪-২০১৯ খ্রি:

১। উপপরিচালক (সকল)

বিআরডিবি

..... জেলা।

২। উপপরিচালক, পিআরডিপি-৩, বিআরডিবি

এলএমটিসি, দেওলা, টাঙ্গাইল।

৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (প্রকল্পভূক্ত)

বিআরডিবি

..... উপজেলা, ..... জেলা।

বিষয়: ৩০শে জুন তারিখে অনুদানের অব্যয়িত অর্থ, অর্জিত ব্যাংক সুদ ও কর্তনকৃত ভ্যাট এর অর্থ সরকারি কোষাগারে জমা দান প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে পিআরডিপি-৩ এর ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বৎসরের অডিট সম্পাদন করা হয়েছে। অডিট চলাকালীন সময়ে আপনার দপ্তরের পিআরডিপি-৩ এর ক্যাশ বহির ৩০ শে জুন তারিখে অব্যয়িত অর্থ, ব্যাংক অর্জিত সুদ ও কর্তনকৃত ভ্যাটের অর্থ সরকারি কোষাগারে জমা দেয়া হয় নাই। বর্ণিত অর্থের ব্যালেন্স থাকার কারণে অডিট আপত্তি হয়েছে। উল্লিখিত অর্থ জমা প্রদানের বিষয় অত্র দপ্তর থেকে ৪র্থ কিস্তি তহবিল ছাড় করার পত্রে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু নির্ধারিত সময়ে উক্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। সে প্রেক্ষিতে পত্র জারীর ৩(তিন) কার্য দিবসের মধ্যে বর্ণিত অর্থ ফেরত প্রদানের বছর উল্লেখ পূর্বক নিম্নের কোড অনুযায়ী ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে চালানের ভেরিফাইড কপি অত্র দপ্তরে মেইলে (Email:prdp3.brdb@yahoo.com) সরবরাহের জন্য অনুরোধ জানানো হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত দায় হিসেবে গণ্য হবে।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

সরকারী কোষাগারে জমা দানের খাতের নাম ও কোড নং

ক্র: নং	খাতের নাম	কোড নং
১.	অনুদানের অব্যয়িত অর্থ	১-৩৮০১-০০০১-২৬৭১
২.	অর্জিত ব্যাংক সুদের অর্থ	১-৩৮০১-০০০১-২৬৮১
৩.	ভ্যাট	১-১১৩৩- -০৩১১



মোঃ আবু সালেক  
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০০৪১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

২। উপপরিচালক, প্রোগ্রামিং, বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অফিস কপি।